কর্মপরিকল্পনা ২০১৯-২০ প্র. ৮ (৩)

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী

## পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী- মোহম্মদ এমদাদুল বারী
প্রধান সম্প্রসারণ কর্মকর্তা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী

পরিদর্শনকৃত অফিস-

- আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রংপুর

তারিখ: ০৮.০৮.২০১৯ খ্রিঃ তারিখ, বৃহস্পতিবার

গত ০৭.০৮.২০১৯ খ্রিঃ তারিখ, বুধবার সড়কপথে রংপুর পৌঁছে তথায় অবস্থান করি এবং পরদিন ০৮.০৮.২০১৯ খ্রিঃ তারিখ আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রংপুর অফিস পরিদর্শন করি।

সকাল ১০.০০ ঘটিকায় রংপুর বীজাগারের সম্মেলন কক্ষে উপপরিচালক, রংপুর, সহকারি পরিচালক বগুড়া এবং ঠাকুরগাঁও এবং রংপুর আঞ্চলিক কার্যালয়ের অধীন ম্যানেজার বৃন্দের উপস্থিতিতে "রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ" শীর্ষক প্রকল্প সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সভায় চলতি অর্থ বছরে প্রকল্পের কর্মসূচী সম্পর্কেও সকলকে অবহিত করা হয়। একইসাথে সকল কর্মকর্তাগণকে প্রকল্প সংশ্লিষ্ট যার যার প্রান্তের দায়িত্ব সম্পর্কে অবহিত করা হয়। সভায় প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়নে সকলকে সঠিকভাবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

সভায় আলোচনান্তে চলতি বছর ৪.০০ লক্ষ তুঁতচারা উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এ কার্যক্রম গ্রহণের জন্য বীজাগার ভিত্তিক জমিও নির্ধারণ করে দেয়া হয়। বীজাগার ভিত্তিক বিভাজনকৃত জমি নিম্নরূপ:

| বীজাগারের নাম | জমির পরিমাণ |
|---|---|
| রংপুর | ১৫ বিঘা |
| দিনাজপুর | ৪৫ |
| বগুড়া | ১৫ |
| রন্নাই | ০৫ |
| মোট | ৮০ বিঘা |

এছাড়া চলতি অর্থবছরে রংপুর প্রকল্পের আওতায় ২৫টি ব্লক এবং ৬টি আইডিয়াল রেশম পল্লী স্থাপনের কার্যক্রম শুরু করার লক্ষ্যে কার্যক্রম হাতে নেয়ার নির্দেশনা প্রদান করা হয়। এ লক্ষ্যে ব্লক এবং আইডিয়াল রেশম পল্লী স্থাপনের সম্ভাব্য স্থান নির্বাচন করার জন্য উপপরিচালক এবং সহকারী পরিচালকগণকে নির্দেশ প্রদান করা হয়।

বর্তমান অর্থবছরে রংপুর বীজাগারে চলমান সমন্বিত প্রকল্পের তুঁতচারা উৎপাদন কার্যক্রম প্রত্যক্ষ করি। দেখা গেল, সমন্বিত প্রকল্পের আওতায় ১০ বিঘা জমিতে চারা উৎপাদন করা হচ্ছে। চারার অবস্থা সন্তোষজনক পরিলক্ষিত হল। রংপুর প্রকল্পের চারা উৎপাদন করার জন্য নির্ধারিত ১৫ বিঘা জমি পরিদর্শন করলাম । দেখা গেল সেখানে লোকাট চারা বিদ্যমান রয়েছে। লোকাট উত্তোলন করে জমি পরিষ্কার করে চারা উৎপাদনের লক্ষ্যে জমি প্রস্তুত করার জন্য নির্দেশ প্রদান করা হল।

পরিদর্শন শেষে রংপুরে অবস্থান করে পরদিন ০৯.০৮.২০১৯ খ্রিঃ তারিখ সদরে প্রত্যাবর্তন করি।

মোহম্মদ এমদাদুল বারী
প্রধান সম্প্রসারণ কর্মকর্তা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে:

১) সদস্য (সম্প্রসারণ ও প্রেষণা), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী

২) উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রংপুর

৩) সহ: পরিচালক, জোনালমরেশম সম্প্রসারণ কার্যালয়, বগুড়া/ঠাকুরগাঁও